

ঝিকরগাছা উপজেলা পরিষদ
ঝিকরগাছা, যশোর

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৫-১১৫

তারিখ: ৯ ই আগস্ট ১৪৩২ ব.
২৩ জুন ২০২৫ খ্রি.

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ২৩.০৬.২০২৫ খ্রি.

সময় : দুপুর ২.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোনবুপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান ঝিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে এছাড়াও তিনি আরও উল্লেখ করেন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চাঁদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিশোরগ্যাং প্রতিরোধে স্কুল কলেজে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পণ্যের সরবরাহ ও যোগান অব্যাহত রাখার জন্য ব্যবসায়ীদের সিন্ডিকেট সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে বাজার মনিটরিং জোরদার করতে হবে। বিশেষ করে সরকার নির্ধারিত হারে দ্রব্যসামগ্রী বিক্রয় হচ্ছে কিনা তা তদারকি করতে হবে। সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন	১। সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবাজিভাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। সকল পশু হাটে ডেটেরিনারী মেডিকেল টিম ও অবৈধ গবাদি পশু প্রবেশ এবং চামড়া পাচার রোধে সীমান্তে টহল ও গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করার সিদ্ধান্ত। ৪। সরকার নির্ধারিত মূল্যে পণ্যসামগ্রী বিক্রিসহ সরকারি নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিভ ম্যাজিস্ট্রেট ঝিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা/নান্দারন হাইওয়ে থানা। ৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

২	<u>তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকাঃ</u>	মানাহন চলাচল বন্ধের আইনগত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গৃহণ করতে হবে। অপ্রাপ্ত বয়স্ক ছেলেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোর ফলে প্রায়শ অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা ঘটছে। ফলে সর্বসাধারণের আতঙ্ক দূর করা সহ সড়ক দুর্ঘটনা প্রতিরোধ অভিযান পরিচালনা করতে হবে। তিনি উপজেলার আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন।	নিয়মিত বাজার তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
	<u>তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকাঃ</u>	তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্সের আওতায় আনতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ মিটারের ভিতর কোন তামাক বিক্রয়কারী প্রতিষ্ঠান থাকবে না। ১৮ বছরের নিচেই কোন শিশুদের দ্বারা তামাকজাত দ্রব্য বহন ও তাদের কাছে বিক্রয় করা যাবে না। পরিশেষে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন করার জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্দেশিকা অনুসরণের আহবান জানান-তামাকজাত দ্রব্য ব্যবহার জনস্বাস্থ্য, অর্থনীতি ও পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর। বিপুল জনসংখ্যা, দারিদ্র এবং শিক্ষা ও সচেতনতার অভাবের কারণে বিশ্বের সর্বোচ্চ তামাকজাত পণ্য ব্যবহারকারী দশটি দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। বিভিন্ন পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপান না করেও পরোক্ষভাবে ধূমপানের শিকার হচ্ছে বহু মানুষ। বাংলাদেশ সরকার এফসিটিসি'র আলোকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার(নিয়ন্ত্রণ) আইন ২০০৫(সংশোধিত ২০১৩) এবং ২০১৫ সালে এ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন করে। আইন অনুযায়ী পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপান নিষিদ্ধ এবং সতর্কতামূলক নোটিশ প্রদর্শন বাধ্যতামূলক। এছাড়া তামাকজাত দ্রব্যের সকল প্রকার বিজ্ঞাপন, প্রচার-প্রচারণা নিষিদ্ধ। সকল পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে তামাকজাত দ্রব্য ব্যবহারের মাত্রা হ্রাস করে জনসাধারণকে পরোক্ষ ধূমপানের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে।	১. পাবলিক প্রেস ও পাবলিক পরিবহন ধূমপানমুক্ত রাখা, ২. পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপানমুক্ত সতর্কতামূলক নোটিশ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. তামাকজাত দ্রব্যের সকল ধরনের বিজ্ঞাপন, প্রচার-প্রচারণা ও পৃষ্ঠপোষকতা সংক্রান্ত ধারা ও বিধির পূর্ণ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪. অপ্রাপ্ত বয়স্কদের(১৮ বছরের নিচে) নিকট এবং অপ্রাপ্ত বয়স্কদের দ্বারা তামাকজাত দ্রব্য ক্রয়/বিক্রয় বন্ধ করা, সিদ্ধান্ত গৃহীত হয়।	১ প্রশাসক, উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর ২। উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট, বিকরগাছা, ৩। সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, বিকরগাছা, যশোর ৪। অফিসার ইনচার্জ, বিকরগাছা, যশোর ৫। সভাপতি, বিকরগাছা প্রেস ক্লাব, ৬। সমনয়কারী, এনজিও(সকল), বিকরগাছা, যশোর।

৪	বালা বিবাহ, নারী ও শিশু নির্যাতনসহ মানব পাচার রোধ;	উপজেলায় বালা বিবাহ রূপের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বালা বিবাহের সাথে জড়িত কাজীদের শক্তির আওতায় আনা হয়েছে। বালাবিবাহ প্রতিরোধ করার জন্য ছুলা-কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের সঙ্গে তখনমূলক সভা করা সহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বালাবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশি তৎপর হতে হবে।	প্রতি শুরুর জুয়ার নামাজের পূর্বাতে ইমাম সাহেবগণ আবশ্যিকভাবে বালা বিবাহ, গৌতুক, মাদক-জুয়া, সত্বাস ও জঙ্গীবাগের কুফল সম্পর্কে আলোচনা করবেন	১। জঙ্গিদের হীন-চার্য, বিকরগাছা পানো ২। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর ৩। মতিলা বিবাহক কর্মকর্তা, বিকরগাছা, যশোর।
৪	দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত:	সভাপতি মহোদয় দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য নিম্নমিত বাজার মনিটরিং জোরদারের বিষয়ে জোরালো নির্দেশনা প্রদান করেন। কোন দ্রব্য মজুদের কৃত্রিম সংকট সৃষ্টি করে মূল্য বৃদ্ধির চেষ্টা করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যবসায়ীদের দ্রব্যমূল্যের হালনাগাদ দামের তালিকা দৃশ্যমান স্থানে টানিয়ে রাখা, পাকা ক্রয় রশিদ সংরক্ষণ, পাইকারি বিক্রেতাদের বিক্রয় রশিদ প্রদান ও খুচরা বিক্রেতাদের স্বল্প মুনাফা রেখে যৌক্তিক মূল্যে পণ্য বিক্রয়ের জন্য পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। সকল নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। প্রয়োজনবোধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ফল, শাকসবজি ও মাছের ক্ষতিকর রাসায়নিক কেমিক্যাল ব্যবহার রোধসহ সকল প্রকার খাদ্যসামগ্রীতে ভেজাল প্রতিরোধ, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, হোটেল-রেস্টুরেন্টগুলোতে মানসম্মত খাবার সরবরাহ নিশ্চিতকরণ, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অন্যান্য জনগুরুত্বপূর্ণ বিষয়ের উপর নিয়মিতভাবে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। খাদ্যশস্যের বাজার দর মনিটরিংসহ জনসম্মুখিত মজুতকারীদের বিরুদ্ধে নিয়মিতভাবে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে। পৌর এলাকায় প্রশাসক এবং ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ স্ব-স্ব অধিক্ষেত্রের বাজারসমূহ নিয়মিত	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিভ ম্যাজিস্ট্রেট, বিকরগাছা, ২। প্রশাসক, বিকরগাছা পৌরসভা ৩। প্রশাসক/চেয়ারম্যান (সকল), ইউপি, বিকরগাছা, যশোর ৪। সভাপতি/সম্পাদক, বনিক সমিতি/বাজার সমিতি (সকল), বিকরগাছা, যশোর।

		তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।
		৪। প্রতিটি পোকানের পণ্যের মূল্য তালিকা টানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
		৫। পাইকারী পণ্যের ক্রয়ের রশিদ সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্থাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 ডায়ালী সরকার
 উপজেলা নির্বাহী অফিসার
 বিকরগাছা, যশোর।
 ও
 সভাপতি
 উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

তারিখ: ৯ ই আষাঢ় ১৪৩২ ব.
 ২৩ জুন ২০২৫ খ্রি.

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৫-১১৫

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিভ ম্যাজিস্ট্রেট, বিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, বিকরগাছা পৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, বিকরগাছা থানা/ নান্দরগ হাইওয়ে থানা, বিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, বিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর।
- ৬। অফিস কপি।


 মো: আব্দুল খালেক
 উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা
 বিকরগাছা, যশোর।
 ও
 সদস্য সচিব
 উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।